ঙ) 'ভাষা-সংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি'—প্রবন্ধে প্রাবন্ধিক আহমদ শরীফ যে সংকট সমস্যার কথা উল্লেখ করেছেন—তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

চ) মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটক অবলম্বনে 'ফকির' চরিত্রটির গুরুত্ব বিচার করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কবি শামসুর রাহমান রচিত 'স্বাধীনতা তুমি' — কবিতাটির মূলভাব কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'নিরুদ্দেশ যাত্রা' গল্পটির নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও।

গ) আবু জাফর শামসুদ্দীন রচিত 'বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত'—প্রবন্ধের মূল বক্তব্যগুলি প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

ঘ) মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

---





# ২০২২
# বাংলা
## (অনার্স)

## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-DSE-T-2
## (বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'স্বাধীনতা তুমি' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? এই গ্রন্থটির প্রকাশ সাল কত?

খ) কবি শামসুর রাহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতায় উল্লিখিত দু'জন কবির নাম লেখো।

গ) "প্রত্যাবর্তন/শামসুর রাহমানের জন্য এলিজি/ অগ্নিসঙ্গম" — কার লেখা? কোন্ কবিতার অংশ?

ঘ) 'অনেকদিন বরফ মাখা জল খাই না '.... উদ্ধৃতাংশটি কার লেখা? কোন্ কবিতার অংশ?

ঙ) 'এদিকে শ্রাবণ, ঝড়ে বৃষ্টি অপরূপ যুদ্ধোত্তর বাংলা দেশ'। — উদ্ধৃতাংশটি কার লেখা? কোন্ কবিতার অংশ? 'যুদ্ধোত্তর বাংলাদেশ' বলতে কবি কোন্ সময়কালকে বুঝিয়েছেন?

চ) 'আকাশে জমেছে মেঘ, প্রতীক্ষায় কেটে গেল দিন —' —উদ্ধৃতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? কার 'প্রতীক্ষার' কথা বলা হয়েছে?

ছ) '..... যেখানে খুশি যেতে পারে , যে ঘাটে মন চায় সে ঘাটে, যে নদীতে দিন পড়ে সে-নদীতে .....' — উদ্ধৃতাংশটিতে কার যেতে পারার কথা বলা হয়েছে? গল্পটির রচয়িতা কে?

জ) " সে তার দিকে অনেকক্ষণ তাকিয়ে থাকে।" — কে কার, দিকে তাকিয়ে থাকে? অংশটি কোন্ গল্পের অংশ?

ঝ) "সেই হারামজাদা শুয়োরের দল,

পুরুষ শুয়োরদের বুঝি কোনো দোষ নেই,

—রাগে চিৎকার করে আমি গলা চিরে ফেলি" — কে, কাকে একথা বলেছেন? এখানে 'আমি' বলতে কাকে বোঝানো হয়েছে?

ঞ) "নিষ্কলুষ রুপোর পাতের মতো ডিমে-ভরা ইলিশের ঝাঁক সমুদ্র থেকে ছুটে আসছে স্রোতের উজান বেয়ে-ডিম ছাড়তে পারার আগেই জালে আটকে তারা আছড়ে পড়ছে জেলেদের ডিঙি নৌকায়।" — কার লেখা? কোন রচনার অংশ?

ট) 'নিরুদ্দেশ যাত্রা' গল্পটি কত সালে, কোন্ গল্প সংকলনে গ্রন্থাকারে প্রকাশিত হয়?



ঠ) "বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত" প্রবন্ধটি কোথা থেকে গৃহীত হয়েছে? প্রবন্ধকারের নাম লেখো।

ড) "মা জন্ম দেয়, ভূমি জন্ম মুহূর্ত থেকেই কোল দেয়, লালন করে জন্ম-জীবন-মৃত্যু, আশ্রয় ধাত্রী-ধরিত্রীতে এর কোলই।" — উদ্ধৃতাংশটি কার লেখা? কোন্ রচনার অংশ?

ঢ) 'বাসি মড়ার গন্ধ আমি চিনি না? এ লাশের গন্ধ অন্য রকম। ওষুধের, গ্যাসের, বারুদের গন্ধ।' — কে, কার উদ্দেশে একথা বলেছে? রচনাংশটির নাম লেখো।

ণ) 'মার্চের স্বপ্ন' কবিতাটি কোন কাব্যগ্রন্থে আছে? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) কবি নির্মলেন্দু গুণ 'মানুষ' কবিতায় 'মানুষগুলো অন্যরকম' বলতে যা বুঝিয়েছেন— তা কবিতা অবলম্বনে সংক্ষেপে বুঝিয়ে দাও।

খ) "... ওদিকে, বিশ্ববিস্তৃত বিষাদ

ঘিরে আছে নদীমাতৃক বাংলাদেশ..." —

'তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে?' — কবিতায় কবির এরূপ ভাবনার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।

গ) "জোয়ান মাঝি দুটির পেটে, এতিম ছেলেটার পেটে খিদের আগুন জ্বলে। দূর গাঁয়ে তাদের বাড়িতেও সে আগুন জ্বলে ধিকি-ধিকি করে।" — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

ঘ) হাসান আজিজুল হক রচিত 'জননী' গল্প অবলম্বনে 'আয়েশা' চরিত্রটি বিশ্লেষণ করো।